


# প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রথম নারী মহাপরিচালক হলেন শাহীনা ফেরদৌসী

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৩ এপ্রিল ২০২৬, ০৩:২২



প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (ডিপিই) শীর্ষ পদে পরিবর্তন এনেছে সরকার। বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক শাহীনা ফেরদৌসীকে অধিদপ্তরের নতুন মহাপরিচালক (ডিজি) হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বুধবার (২২ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারি করা এক প্রজ্ঞাপনে অতিরিক্ত সচিব পদমর্যাদার এই কর্মকর্তাকে প্রেষণে নিয়োগদানের বিষয়টি নিশ্চিত করা হয়। এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রথম নারী মহাপরিচালক হলেন তিনি।

নতুন এই দায়িত্ব পালনের লক্ষ্যে শাহীনা ফেরদৌসীর চাকরি বর্তমানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। এর আগে তিনি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে বদলির আদেশাধীন অবস্থায় ছিলেন।

অন্যদিকে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বর্তমান মহাপরিচালক আবু নূর মো. শামসুজ্জামানের স্থলাভিষিক্ত হচ্ছেন তিনি। বিদায়ী মহাপরিচালক অতিরিক্ত সচিব আবু নূর মো. শামসুজ্জামানকে পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে।

শাহীনা ফেরদৌসী চলতি বছরের ২৭ জানুয়ারি অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন। দক্ষ এই কর্মকর্তা পেশাগত জীবনে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি এর আগে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও উপসচিব হিসেবে কর্মরত ছিলেন। এছাড়া মাঠ প্রশাসনে হবিগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবেও তাঁর কাজ করার অভিজ্ঞতা রয়েছে।